রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-২ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/৩০ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৫১.৩৭.০০৬.২৩-৩১৮—বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ৭ ধারায় সরকারি কার্যক্রম বা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বালু বা মাটি উত্তোলন ও ব্যবহার করিবার ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণের বিধান রহিয়াছে এবং একই আইনের ধারা ৯ এর উপধারা ১ এর দফা 'খ'-তে নৌ-বন্দর সীমার বাহিরে নির্ধারিত নৌ-পথ যেই স্থানে বালু বা মাটি রহিয়াছে সেই স্থান হইতে বালু বা মাটি উত্তোলনের ক্ষেত্রে হাইড্রোগ্রাফিক জরিপের বাধ্যবাধকতা রহিয়াছে।

২। এমতাবস্থায়, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ১৭ ধারার ক্ষমতাবলে সরকার এই মর্মে স্পষ্টীকরণ করিতেছে যে, সরকারি কার্যক্রম বা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বালু বা মাটি উত্তোলন ও ব্যবহার করিবার ক্ষেত্রে হাইড্রোগ্রাফিক জরিপের ব্যয় এতদ্দুশ্যে যেই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠান অথবা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান অথবা কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিষ্ঠান আবেদন করিবে সেই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠান অথবা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান অথবা কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিষ্ঠান বহন করিবে।

৩। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০